



৯৯.০ মেঘনা
রেডিও
মেঘনা

মেঘনা বুলেটিন

ফেব্রুয়ারি, ২০২২; সংখ্যা-৪৭

আমাদের সম্পর্কে

রেডিও মেঘনা (উপকূলের কণ্ঠস্বর) কোস্ট ফাউন্ডেশন এর একটি কমিউনিটি রেডিও। বাংলাদেশের উপকূলীয় এলাকার প্রান্তিক মানুষের জীবন-মান উন্নয়নের জন্য কাজ করে। এটি উপকূলীয় দ্বীপ ভোলার চরফ্যাসন উপজেলায় ২০১৫ সালে যাত্রা শুরু করে। রেডিও মেঘনা বৈধ অধিকারের দাবি, সমাজে বৈষম্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা ও পরিবেশ সুরক্ষা, মৎস্য, কৃষি, লিঙ্গীয় সমতা ও শিক্ষাখাতে সামাজিক, সংস্কৃতিক ও গ্রামীণ উন্নয়নে উৎসাহী করা এবং জনগণের সক্ষমতা বৃদ্ধির জন্য দরিদ্র কণ্ঠস্বর বাড়াতে কাজ করে।

রেডিও মেঘনার অনুষ্ঠান শুনে পরিত্যক্ত চরে চাষ করছেন জোছনা বেগম, হয়েছেন লাভবান

চরফ্যাসন খেজুর গাছিয়া এলাকার জোছনা বেগম (৩০)। নদীর ধার ঘেঁসে স্বামী ও ৩ ছেলে-মেয়েকে নিয়ে তার বাস। প্রায় প্রতিটা সংসারের নারীরাই শাক-সবজী চাষ, হাঁস-মুরগী, গরু-ছাগল পালন করে সংসারের আয় বৃদ্ধি করেন। এমন এক নারী জোসনা বেগম। তবে তিনি এসবের পাশাপাশি পরিত্যক্ত বালুচরে ফলান বিভিন্ন রকম ফসল। আর এক্ষেত্রে ভূমিকা রয়েছে রেডিও মেঘনার। তার সাথে কথা বলে এমনটা জানা যায়। তিনি বলেন, প্রায় ৪ বছর ধরে নিয়মিত রেডিও শুনে তিনি। বিনোদন অনুষ্ঠানের পাশাপাশি কৃষি ও কৃষক এবং সফল নারী অনুষ্ঠান শুনেই তিনি অনুপ্রাণিত হয়েছেন। স্বামী মাছ ধরার কাজে নিয়োজিত। দিন রাত মিলেই মাছ ধরতে হয়। তাই মৌসুমভেদে বাড়িতে সময় দিতে পারেন না। অনেক সময় কাছে টাকাও থাকেনা বাজার করার মত। এসময় রেডিও অনুষ্ঠানে সফল নারীদের গল্প শুনে অনুপ্রাণিত হয়ে এই উদ্যোগ নিয়েছেন তিনি। শুকনো মৌসুমে নদীর দুই পাশে চর জেগে ওঠে। এ চরের বুকে এখন অনেক কৃষাণ-কৃষাণী এখন তাদের স্বপ্নের ফসল ফলান। এবার ১২ কড়া চরের জমিতে মিষ্টি আলু, সরিষা, পালং শাক, টমেটো, মুলা, ফুলকপি, বাঁধাকপি চাষ করে সংসারের চাহিদা মেটানোর পাশাপাশি বিক্রি করে অন্যান্য খরব বহন করে থাকেন জোসনা বেগম। তবে নদীর ধারে নিজের কোনো জমি না থাকায় অপেক্ষা করতে হয় শীত মৌসুমে জন্য। বর্ষা নেমে যাওয়ার সাথে সাথেই শুরু হয় তার এই কর্মযজ্ঞ। তার এ কাজে স্বামী-সন্তানও উৎসাহ ও সহযোগিতা করেন বলে জানান তিনি। সব মিলিয়ে স্বামী-সন্তান নিয়ে সুখেই দিনানিপাত করছেন জোসনা বেগম।



কৃষাণী জোছনা বেগমের সাক্ষাৎকার নিচ্ছেন ফারিহা ইসলাম। স্থান: খেজুর গাছিয়া, চরফ্যাসন। ছবি জেসমিন বেগম। তারিখ: ১৫ জানুয়ারি, ২০২২।

রেডিও মেঘনার সংবাদ শুনে করোনার ভ্যাকসিন নিয়েছেন শিক্ষার্থীরা

পুরোপুরিভাবে শিক্ষা কার্যক্রম চালু করতে এবং শিক্ষার্থীদের করোনা ভাইরাসের সংক্রমণ থেকে সুরক্ষিত রাখতে সারাদেশের ন্যায় ভোলার চরফ্যাসনের প্রতিটি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের কেন্দ্রাভিত্তিক করোনা টিকাদান কার্যক্রম চালু হয়েছে। এমন খবর পেয়ে করোনার ভ্যাকসিন নিতে আগ্রহী হয়ে ছুটে এসেছেন মাধ্যমিক স্তরের শিক্ষার্থীরা। যদিও এ বিষয়ে অনেকেই জানেন। তবে প্রান্তিক এলাকার শিক্ষার্থীদের মধ্যে এই তথ্য পৌঁছে দিয়েছে রেডিও মেঘনা। শিক্ষক, অভিভাবক এবং টিকা নিতে আসা বেশ কয়েকজন শিক্ষার্থীদের সাথে কথা বলে এ তথ্য নিশ্চিত করা হয়। গত ১০ জানুয়ারি (সোমবার) কুলছুমবাগ এ মোতালেব মাধ্যমিক বিদ্যালয় ঘুরে দেখা যায়, এটি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার ১২ থেকে ১৮ বছরের প্রায় সাড়ে ৫ শত শিক্ষার্থীদের ভ্যাকসিন দেওয়া হয়েছে। এতে এ মোতালেব ও কুলছুমবাগ বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা জানিয়েছেন, টিকা নিতে পেরে খুশি তারা। শিক্ষা কার্যক্রম চলমান রাখার জন্য বিদ্যালয় পর্যায়ে শিক্ষার্থীদের মাঝে করোনা টিকা দেওয়ায় সন্তুষ্টি প্রকাশ করেছেন শিক্ষকরাও।

এবিষয়ে চরফ্যাসন মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোঃ মহিউদ্দিন জানান, ইউনিয়ন পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের করোনা ভাইরাসের টিকার আওতায় আনার জন্য বিদ্যালয় ভিত্তিক ক্যাম্প করে টিকা দেওয়া হচ্ছে। টিকা ক্যাম্পইনটি হাসপাতালে হওয়ার কথা থাকলেও চরফ্যাসন বড় উপজেলা হওয়ায় শিক্ষার্থীদের সুবিধা এবং উপস্থিতির কথা চিন্তা করে কেন্দ্র বুথ স্থাপন করা হয়েছে। এক মাস ব্যাপী চরফ্যাসনে প্রায় ৬৫ হাজার শিক্ষার্থীকে টিকা দানের লক্ষ্য নিয়ে এই কার্যক্রম চলমান আছে বলে জানান। এ বিষয়ে সঠিক তথ্য প্রচার করে সচেতনতা সৃষ্টি এবং তাদের কাজে সহযোগিতা করায় রেডিও মেঘনাকে ধন্যবাদ জানান এই কর্মকর্তা।



শ্রোতা মতামত

- করোনায় জীবন-যাপনের অনুষ্ঠানের প্রথম পর্ব শুনে ওমিক্রন সম্পর্কে জানতে পেরেছেন চরফ্যাসন কুলছুমবাগের নুসরাত। একই সাথে পিরিয়ডের সময় পেট ব্যথা হলে, ঘরোয়া উপায়ে কী করলে সমাধান হবে জেনেছেন তিনি।
- শিক্ষা বিষয়ক সংবাদ প্রচারের পর শিক্ষা কর্মকর্তা শুনে ভালো সংবাদ হয়েছে বলে সরাসরি আমাদের জানিয়েছেন তিনি।
- চরফ্যাসনের রিয়া জানিয়েছেন ঘরোয়াভাবে ব্রন দূর করার উপায় জেনে উপকার হয়েছে ফোন ইন অনুষ্ঠানে এমনটা জানান কিশোরী রিয়া।



শিক্ষার্থীকে ভ্যাকসিন প্রদানের দৃশ্যটি ধারণ করেছেন সুরভী জাহান। স্থান: এ মোতালেব মাধ্যমিক বিদ্যালয়, কুলছুমবাগ, চরফ্যাসন। তারিখ: ১০ জানুয়ারি, ২০২২।

যোগাযোগ:

উম্মে নিশি,
সহকারি স্টেশন ম্যানেজার,
রেডিও মেঘনা, কুলছুমবাগ, চরফ্যাসন, ভোলা
ফোন: ০১৭০৮ ১২০৩১০

 manager@radiomeghna.net

 /radiomeghna99.0

 /radiomeghna.net